

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।

স্মারকনং-বশিবো/বিনি/এস এস সি/২০১৫/ ০২(৪র্থখন্ড)/ ৩৪৬

তারিখঃ ০৩/১১/২০১৪

বিষয়ঃ ২০১৩-২০১৪ (এসএসসি পরীক্ষার্থী- ২০১৫) শিক্ষাবর্ষের নিবন্ধন কার্ড গ্রহণ।

সূত্র : চেয়ারম্যান মহোদয়ের ০২/১১/২০১৪ইং তারিখের নথির আদেশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এ মর্মে জানানো যাচ্ছে যে, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের (এসএসসি-২০১৫) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডের হল রুম হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ক্ষমতাপ্রাপ্ত শিক্ষককে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল। যে সকল নিবন্ধন কার্ডে অসংগতি পরিলক্ষিত হবে সে সকল কার্ড শিক্ষার্থীদের নিকট বিলি না করে বোর্ডে জমা দেয়ার জন্য বলা হলো। নিবন্ধন কার্ডে বিষয় কোড সংশোধনের জন্য ৩৫০/-টাকা এবং বিভাগ সংশোধনের জন্য ৭০০/- (সাতশত)টাকার ডিডি/পে অর্ডার দিয়ে ১০/১১/১৪ তারিখ থেকে ১৬/১১/১৪ তারিখ পর্যন্ত বিদ্যালয় নিবন্ধন শাখা থেকে সংশোধন করা যাবে (বিভাগ/বিষয় সংশোধনের জন্য প্রধান শিক্ষকের আবেদনের সাথে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার নম্বরফর্দ, প্রাকনির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার ফলাফল বিবরণীর সত্যায়িত ফটোকপি অবশ্যই সংযুক্ত থাকতে হবে)। তবে নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১x ১ সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে প্রধান শিক্ষক সত্যায়িত করে বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে ছবি পরিবর্তন হয়ে গেলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন কার্ড বিতরণ না করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রঃনং	জেলার নাম	চূড়ান্ত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	বার
০১	বরিশাল, বরগুনা, পিরোজপুর	০৯/১১/২০১৪	
০২	পটুয়াখালী, ভোলা, ঝালকাঠী	১০/১১/২০১৪	



মোঃ আবুল বশার তালুকদার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল



প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতি প্রাপ্ত ও স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল অনুমতি প্রাপ্ত ও স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৩। পি এস টু চেয়ারম্যান, বশিবো

০৪। সংরক্ষণ নথি।